

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮২৩

আগরতলা, ২৪ নভেম্বর, ২০২৩

স্বাবলম্বন প্রকল্পে ডিজিটাল প্ল্যাটফর্মে পোর্টাল

বেকার যুবক যুবতী এবং স্বসহায়ক দলের সদস্যরা যাতে স্বউদ্যোগী হয়ে স্বনির্ভর কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারেন সেই লক্ষ্যে রাজ্য সরকার স্বাবলম্বন প্রকল্প চালু করেছিল। বিগত পাঁচ বছরে স্বাবলম্বন প্রকল্পে রাজ্যে ১০,৪৬২টি এমএসএমই ইউনিট গড়ে উঠেছে যার আর্থিক মূল্য ২৯১ কোটি টাকা এবং এর মাধ্যমে ২৯,১৫৯ জনের কর্মসংস্থান হয়েছে। সাম্প্রতিককালে বিভিন্ন পরিষেবার যেভাবে ডিজিটাইজেশন হয়েছে সেই দিকে লক্ষ্য রেখে রাজ্য সরকার স্বাবলম্বনের জন্যও একটি ডিজিটাল প্ল্যাটফর্মের প্রয়োজনীয়তা উপলব্ধি করে www.swavalamban.tripura.gov.in নামে একটি পোর্টাল তৈরি করেছে। ২১ নভেম্বর, ২০২৩ তারিখে পোর্টালটির উদ্বোধন করেছেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা। শিল্প ও বাণিজ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

শিল্প ও বাণিজ্য দপ্তর থেকে আরও জানানো হয়েছে, উদ্যোগীদের সুবিধার্থে স্বাবলম্বন প্রকল্পের নির্দেশিকা ২০১৯-২০ অর্থবছরে পরিবর্তন করা হয়েছে। প্রতিটি প্রকল্পের জন্য ঋণের সর্বোচ্চ মাত্রা ১ কোটি টাকা করা হয়েছে যা আগে ছিল না। প্রকল্প মূল্যের ৩০ শতাংশ (মহিলাদের ক্ষেত্রে ৩৫ শতাংশ) ও সর্বোচ্চ ১ লক্ষ টাকা ভর্তুকি দেওয়া হয়ে থাকে। ১৮-৫০ বছর বয়সী যে কোনও ব্যক্তি এই প্রকল্পে ঋণের জন্য আবেদন করতে পারেন। অংশীদারিত্ব ভিত্তিক উদ্যোগ, স্বসহায়ক দল এবং কোঅপারেটিভ সোসাইটিগুলিও এই প্রকল্পের আওতাধীন বলে জানানো হয়েছে এই প্রেস রিলিজে।
